কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

রেমিট্যান্স সেল, আইটি বিভাগ

তারিখ : ২০.০১.২০১৯

২০.০১.২০১৯ তারিখ পর্যন্ত ফরেন রেমিট্যান্স পরিশোধ সংক্রান্ত বিবরণী

০১। কর্মসংস্থান ব্যাংক ০৭.০৩.২০১৭ তারিখ হতে এনসিসি ব্যাংকের সহায়তায় ফরেন রেমিট্যান্স পরিশোধ কার্যক্রম শুরু করেছে। এনসিসি ব্যাংকের সাথে ৩২টি Money Transfer Operator (MTO) এর চুক্তি রয়েছে। এ সংখ্যা ক্রমবর্ধমান। ৩২টি MTO এর মধ্যে কর্মসংস্থান ব্যাংক ১৮টি MTO এর ফরেন রেমিট্যান্স পরিশোধ করতে পারে। এর মধ্যে কর্মসংস্থান ব্যাংকের রেমিট্যান্স সেল ২০.০১.২০১৯ তারিখ পর্যন্ত ১৩টি এবং এনসিসিবিএল ০৫টি MTO এর Software অপারেট করে রেমিট্যান্স ‘Pulled out’ করে ৫,৪৫৬টি রেমিট্যান্স পরিশোধ করেছে। একবার ‘Pulled out’ হয়ে গেলে ঐ PIN দিয়ে অন্য কোন ব্যাংক আর রেমিট্যান্সটি পরিশোধ করতে পারে না। অন্যভাবে বলা যায় ঐ রেমিট্যান্স প্রাপক অন্য কোন ব্যাংক থেকে আর রেমিট্যান্স গ্রহণ করতে পারে না। ৩২টি MTO এর বিবরণ নিম্নরূপ :

ক্র. নং	MTO কোড	MTO এর নাম [MTO এর সংক্ষিপ্ত নাম]	PIN সংখ্যা	কত দিয়ে বা কি দিয়ে শুরু/শেষ	কোন্ দেশ থেকে এসে থাকে	পরিশোধের ধরন	রেমিট্যান্স Pulled out করে
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	১২	ইসলামিক এক্সচেঞ্জ কোঃ [IE]	৭	যে কোন ডিজিট	কাতার	Batch	
২	৩১	ফার্স্ট সিকিউরিটি ইসলামি এক্সঃ [FSIE]	৭	FSIE (Excluded)	ইতালি	Online	কর্মসংস্থান ব্যাংক
৩	০১	মানিগ্রাম ইন্টারন্যাশনাল [MG]	৮	যে কোন ডিজিট	সারা বিশ্ব	Online	এনসিসি ব্যাংক
৪	০৮	জেন্জ এক্সচেঞ্জ [ZE]	৮	ZE (Excluded)	বাহরাইন	Online/ Batch	কার্যক্রম শুরু হয়নি
৫	২৯	ডলারকো এক্সচেঞ্জ কো [DE]	৮	যে কোন ডিজিট	কুয়েত	Batch	কার্যক্রম শুরু হয়নি
৬	২৩	হাবিব কাতার ইন্টাঃ এক্সঃ [HQ]	৮	যে কোন ডিজিট	কাতার	Online/ Batch	কার্যক্রম শুরু হয়নি
৭	১০	সিগে গ্লোবাল সার্ভিসেস লিঃ [Sigue]	৯	3/4	সারা বিশ্ব	Online/ Batch	কর্মসংস্থান ব্যাংক
৮	১৩	ইন্সট্যান্ট [IC]	৯	14	সারা বিশ্ব	Online	
৯	২২	ন্যাশন্যাল এক্সচেঞ্জ কোঃ ইতালি [NEC Italy]	৯	NEC (Excluded)	ইতালি	Online/ Batch	কর্মসংস্থান ব্যাংক
১০	২৫	ওয়াল স্ট্রিট এক্সচেঞ্জ [WSE]	৯	1	-	Online/ Batch	কার্যক্রম শুরু হয়নি
১১	২৭	ডব্লিউএস ইন্সট্যান্ট ক্যাশ [WSIC]	৯	1	সারা বিশ্ব	Online/ Batch	কর্মসংস্থান ব্যাংক
১২	১৭	আল-মোল্লা ইন্টারন্যাশনাল [AMI]	১২	2019/সংশ্লিষ্ট বছরের 4টি ডিজিট	কুয়েত	Online/ Batch	
১৩	০৬	আল-ফারদান [AFX]	৯/১৬	400/যে কোন ডিজিট	কাতার	Online/ Batch	কার্যক্রম শুরু হয়নি
১৪	০২	ওয়েস্টার্ন ইউনিয়ন [WU]	১০	যে কোন ডিজিট	সারা বিশ্ব	Online	এনসিসি ব্যাংক
১৫	০৯	ওয়াসেল এক্সচেঞ্জ [WE]	১০	19/সংশ্লিষ্ট বছরের শেষ 2টি ডিজিট	ওমান	Batch	কার্যক্রম শুরু হয়নি
১৬	৩০	গ্লোবাল মানি এক্সচেঞ্জ [GME]	১০	44	ওমান	Batch	কার্যক্রম শুরু হয়নি
১৭	০৪	আইএমই [IME]	১১	4/7/9	মালয়েশিয়া/মধ্য প্রাচ্য	Online/ Batch	কর্মসংস্থান ব্যাংক
১৮	০৫	রিয়া ফিন্যানসিয়্যাল সার্ভিস [Ria]	১১	12/13/14/15/4/ 7/9	সারা বিশ্ব	Online/ Batch	কর্মসংস্থান ব্যাংক
১৯	১৬	জাপান রেমিট ফিনেন্সিয়াল কোঃ লিঃ [JRF]	১১	22	জাপান	Online/ Batch	কার্যক্রম শুরু হয়নি
২০	০৭	প্লাসিড এক্সপ্রেস [PLC]	১২	যে কোন ডিজিট	সারা বিশ্ব	Online/ Batch	কর্মসংস্থান ব্যাংক
২১	১৫	আরব ন্যাশন্যাল ব্যাংক [ANB]	১২	19/সংশ্লিষ্ট বছরের শেষ 2টি ডিজিট	সৌদি আরব	Batch	এনসিসি ব্যাংক
২২	২০	প্রভু গ্রুপ ইনকঃ [Prabhu]	১২	11/21/32/36/40	সারা বিশ্ব	Online/ Batch	কর্মসংস্থান ব্যাংক
২৩	২৮	ম্যাক্স মানি [Max]	১২	786	মালয়েশিয়া	Online	কর্মসংস্থান ব্যাংক
২৪	১১	ট্রান্সফাস্ট রেমিট্যান্স [TF]	১৩	33	সারা বিশ্ব	Online/ Batch	কর্মসংস্থান ব্যাংক
২৫	৩২	ব্র্যাক সাজন [Brac]	১৩	B/C দ্বারা শেষ	EUভুক্ত দেশ	Batch	কার্যক্রম শুরু হয়নি
২৬	১৪	আল-জামান এক্সচেঞ্জ [AZE]	১৪	00	কাতার	Batch	কার্যক্রম শুরু হয়নি
২৭	১৮	মাজান এক্সচেঞ্জ [ME]	১৪	0	ওমান	Batch	কার্যক্রম শুরু হয়নি
২৮	২১	মার্চেন্ট্রেড এশিয়া [MT]	১৪	19 সংশ্লিষ্ট বছরের শেষ 2টি ডিজিট	মালয়েশিয়া/সারা বিশ্ব (মালয়েশিয়া হয়ে)	Online	কর্মসংস্থান ব্যাংক

ক্র. নং	MTO কোড	MTO এর নাম [MTO এর সংক্ষিপ্ত নাম]	PIN সংখ্যা	কত দিয়ে বা কি দিয়ে শুরু/শেষ	কোন্ দেশ থেকে এসে থাকে	পরিশোধের ধরন	রেমিট্যান্স Pulled out করে
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৯	২৬	আল মিরকাব এক্সচেঞ্জ [AMEC]	১৪	M	কাতার	Batch	এনসিসি ব্যাংক
৩০	১৯	নেক মানি ট্রান্সফার [NEC UK]	১৫	777	UK/EUভুক্ত দেশ	Online/ Batch	কর্মসংস্থান ব্যাংক
৩১	০৩	এক্সপ্রেস মানি [X]	১৬	যে কোন ডিজিট	সারা বিশ্ব	Online/ Batch	এনসিসি ব্যাংক
৩২	২৪	ইউএই এক্সচেঞ্জ [UAEE]	১৬	-	সংযুক্ত আরব আমিরাত (ইউএই)	Online/ Batch	কার্যক্রম শুরু হয়নি

০২। বর্তমানে কর্মসংস্থান ব্যাংক থেকে ক) Batch রেমিট্যান্স ও খ) Online রেমিট্যান্স পরিশোধ করা হচ্ছে।

ক) **Batch রেমিট্যান্স** : প্রেরক নির্দিষ্ট একটি ব্যাংকের নাম উল্লেখ করে ঐ ব্যাংকের Account এ রেমিট্যান্সের অর্থ প্রেরণ করে। এক্ষেত্রে প্রেরক যদি কর্মসংস্থান ব্যাংক বা এনসিসি ব্যাংকের নাম উল্লেখ করে রেমিট্যান্স প্রেরণ তবে কর্মসংস্থান ব্যাংক ঐ রেমিট্যান্সটি প্রদান করতে পারবে। এনসিসি ব্যাংক লিঃ রেমিট্যান্স সংক্রান্ত তথ্য (এক্সেল ফাইল) ই-মেইলের মাধ্যমে কর্মসংস্থান ব্যাংকের রেমিট্যান্স সেলে প্রেরণ করে থাকে। রেমিট্যান্স সেল শাখায় মেইলটি ফরোয়ার্ড করে এবং ফোনেও বিষয়টি অবহিত করে। শাখা বিষয়টি অবহিত হবার সাথে সাথে ফোনে রেমিট্যান্স প্রাপকের সাথে যোগাযোগ করে রেমিট্যান্স পরিশোধের ব্যবস্থা করে।

০৩। **Online রেমিট্যান্স** : রেমিট্যান্স প্রাপক নিজেই সরাসরি ব্যাংকের শাখায় উপস্থিত হয়ে তাঁর নামে রেমিট্যান্স আসার তথ্য প্রদান করে থাকে। সংশ্লিষ্ট MTO এর সফ্টওয়ার ব্যবহার করে গোপন নম্বর বা PIN এর মাধ্যমে রেমট্যান্সটি 'Pulled out' করে প্রাপককে রেমিট্যান্স পরিশোধ করাই হচ্ছে অনলাইন রেমিট্যান্স।

০৪। **Pulled out** : 'Pulled out' বলতে বিদেশে প্রেরক কোন MTO (ধরা যাক ট্রান্সফাস্ট) এ প্রবেশ করে একটি KYC পূরণপূর্বক কমিশনসহ স্থানীয় মুদ্রা পরিশোধ করেন। MTO (ট্রান্সফাস্ট) তাদের সফ্টওয়ারে প্রয়োজনীয় তথ্য এন্ট্রি দিয়ে প্রাপককে একটি PIN দেয়। রেমিট্যান্সের অর্থ স্বয়ংক্রিয়ভাবে বাংলাদেশী টাকায় রূপান্তরিত হয়ে শুধুমাত্র বাংলাদেশ থেকে পরিশোধের জন্য MTO (ট্রান্সফাস্ট) এর সফ্টওয়ারে থাকে। এ অবস্থায় যে ব্যাংক সর্বপ্রথম MTO (ট্রান্সফাস্ট) এর সফ্টওয়ার Login করে PINসহ রেমিট্যান্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি এন্ট্রিপূর্বক Submit দেয়, MTO (ট্রান্সফাস্ট) এর সফ্টওয়ার থেকে রেমিট্যান্সের অর্থ সে ব্যাংকের Account এ হিসাবভুক্ত হয়। কর্মসংস্থান ব্যাংকে ফরেন এক্সচেঞ্জ কার্যক্রম না থাকায় কর্মসংস্থান ব্যাংক এনসিসি ব্যাংকের এজেন্ট হিসেবে রেমিট্যান্স পরিশোধ করে। ফলে কর্মসংস্থান ব্যাংক 'Pulled out' করলেও রেমিট্যান্সের অর্থ এনসিসি ব্যাংকের Account এ হিসাবভুক্ত হয়। ১৫ দিন পর পর কর্মসংস্থান ব্যাংক বিভিন্ন শাখার পরিশোধকৃত অর্থ এনসিসি ব্যাংক হতে পুর্নভরণ গ্রহণ করে।

০৫। দ্রুততম সময়ে রেমিট্যান্স পরিশোধের জন্য রেমিট্যান্স সংক্রান্ত তথ্যাদি রেমিট্যান্স সেলের ৪টি ঠিকানায় (remitcell1@kb.gov.bd, remitcell2@kb.gov.bd, remitcell1@gmail.com, remitcell2@gmail.com) ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ই-মেইল ঠিকানার গ্রুপ করে নিতে হবে। ফোনে তথ্য নিতে ৪-৫ মিনিট সময় লেগে যায়। ফোনে তথ্য নেয়ার সময় 'বলায়, শোনায় এবং লেখায়' ভুল হতে পারে। এতে রেমিট্যান্স পরিশোধ বিলম্ব হয়। বিদ্যুৎ না থাকলে ফোনে তথ্য দিতে হবে। রেমিট্যান্স সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

```
Z-987 MG Pin-994679**
Tk-25,121.01, Country-Malaysia
S-Abdul Basit
R-Kawsar Ahmed
NID No.-91120005022**, DOI-25.12.2007
DOE-                    , DOB-31.08.1974
Mob-01711-00****.
----------
Yours Sincerely,

X Chowdhury
Z Branch,
Mob. No.-017**-******
```

এখানে Z = সংশ্লিষ্ট শাখা, 987 = সংশ্লিষ্ট শাখার শাখা কোড, MG = প্রেতিব্য MTO এর সংক্ষিপ্ত নাম, Cc = Carbon copy, Pin = Personal Identification Number, Tk = Taka, S = Sender, R = Receiver, NID = National Identity, DOI = Date of Issue, DOE = Date of Expiry (পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স ইত্যাদির ক্ষেত্রে প্রযোজ্য), DOB = Date of Birth, Mob = Mobile। NID না থাকলে তার পরিবর্তে পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি উল্লেখ করে তার নম্বর দিতে হয়, X = সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের নাম, Mob. No.-01708-39 = সংশ্লিষ্ট শাখার কর্পোরেট মোবাইল নম্বর।

০৬। কর্মসংস্থান ব্যাংকের ওয়েবসাইটে 'ফরেন রেমিট্যান্স/Foreign Remittance' নামক সেবা বক্সের আওতায় ০৪টি ক্যাটাগরিতে রেমিট্যান্স সংক্রান্ত সার্কুলার, পোস্টার, KYCসহ যাবতীয় ডকুমেন্ট রয়েছে। এখান থেকে প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্ট ডাউনলোড করে কম্পিউটারের স্থায়ীভাবে **Save** করে রাখতে হবে। KYC এককপি প্রিন্ট করে তা দিয়ে ফটোকপি করে ব্যবহার করতে হবে।

০৭। যে কোন সমস্যার জন্য জনাব প্রদীপ কুমার মজুমদার, এজিএম (ফোন : ৯৫১৪৬৯৮, মোবাইল : ০১৭০৮-৩৯৭৩৪১, ০১৭১২-০৬৬৮৯৯) এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মালা মজুমদার, অফিসার (মোবাইল : ০১৭০৮-৩৯৭১০০, ০১৯৬০-৪৯০৯৫১, ০১৭৫৪-১৮৮৪০৩) এর সাথে ফোনে যোগাযোগ করতে হবে। অনেক সময় ফোনে সমস্যার সমাধান দেয়া যায় না। তখন সংশ্লিষ্ট শাখার কম্পিউটারে প্রবেশ করে সমস্যা সমাধান করতে হয়। এর জন্য প্রত্যেক শাখায় 'Team Viewer' বা 'AnyDesk' সফ্টওয়ার ওয়েবসাইট থেকে ডাউনলোড করে ইনস্টল করে রাখতে হবে। ইনস্টলকৃত 'Team Viewer' এ ডাবল ক্লিক করে ০৯টি ডিজিটের 'Your ID' ও ০৬টি ডিজিটের 'Password' বা 'AnyDesk' এ ডাবল ক্লিক করে ০৯টি ডিজিটের 'Address' ফোনে জানাতে হবে।